তারিখ ... 30 JUL 2016 ...
পৃষ্ঠা ১-৪ ... কলাম ... ৬ ......

দৈনিক
জনকণ্ঠ

বাকবিশিসের জরুরী সভা

# শিক্ষানীতির আলোকে শিক্ষা প্রতিষ্ঠান জাতীয়করণ করতে হবে

**স্টাফ রিপোর্টার, চট্টগ্রাম অফিস ॥** ২০১০ সালের শিক্ষানীতির আলোকে দেশের সকল এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানকে জাতীয়করণের জোর দাবি জানিয়েছে বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি (বাকবিশিস)। চট্টগ্রামে শুক্রবার বিকেলে সংগঠনের এক জরুরী সভায় এ দাবি জানান নেতৃবৃন্দ।

বাকবিশিস চট্টগ্রাম বিভাগীয় সভাপতি অধ্যাপক উত্তম চৌধুরীর সভাপতিত্বে নগরীর আন্দরকিল্লায় অবস্থিত কার্যালয়ে এক জরুরী সভায় বক্তারা বলেন, একটি গণতান্ত্রিক রাষ্ট্রে অসম শিক্ষা ব্যবস্থা চলতে পারে না। রাষ্ট্রে মেধাবী জনগোষ্ঠী সৃষ্টির লক্ষ্যে গণমুখী-বৈষম্যহীন-অসাম্প্রদায়িক-সর্বজনীন-বিজ্ঞানমনস্ক শিক্ষানীতির মধ্য দিয়ে সমগ্র শিক্ষা ব্যবস্থা জাতীয়করণ করতে হবে। এ ধরনের একটি স্বপ্ন ছিল জাতির পিতার। কিন্তু সময়ের অভাবে তিনি তা করে যেতে পারেননি। স্বাধীনতার ৪৫ বছর পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির জনকের স্বপ্ন পূরণ করার লক্ষ্যে উপজেলাভিত্তিক একটি স্কুল ও একটি কলেজ জাতীয়করণের ঘোষণা দেন। তারা বলেন, দার্শনিক প্ল্যাটো তাঁর আদর্শ রাষ্ট্র গঠনে শিক্ষাকে, শিক্ষককে মূল্যায়ন করতে গিয়ে শিক্ষার জাতীয়করণের ওপর জোর দিয়েছেন সর্বাগ্রে।

সভায় বক্তব্য রাখেন অধ্যক্ষ আবুল মনসুর মোঃ হাবিব, অধ্যক্ষ মোহাম্মদ রফিক উদ্দিন, অধ্যাপক তড়িৎ কুমার ভট্টাচার্য, অধ্যাপক নোমান আহমাদ সিদ্দিকী, অধ্যাপক অজিত দাশ, অধ্যক্ষ নুরুল আবছার, অধ্যক্ষ সজল চৌধুরী প্রমুখ।